মানিকছড়ি উপজেলায় এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি : যুথিকা সরকার, উপজেলা নির্বাহী অফিসার, মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
স্থান : উপজেলা পরিষদ অফিসকক্ষ, মানিকছড়ি।
তারিখ ও সময় : ০৬ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ, সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত কর্মকর্তা/এনজিও প্রতিনিধিদের নামের তালিকা **পরিশিষ্ট "ক"** তে দ্রষ্টব্য।

ক্র:নং	এনজিও'র নাম ও কার্যক্রমের বিষয়ে আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে	মন্তব্য
০১	**হামারীঃ** জনাব ধনেশ্বর দেওয়ান, প্রকল্প ব্যবস্থাপক, পুসম, সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, মানিকছড়ি উপজেলায় হামারী ২০১২ সাল হতে গাড়ীটানা, বড়বিল ও সাধুপাড়া এলাকায় কাজ করে আসছে। প্রমোশন অফ ইউনিভার্সেল সেইফ মাদারহুড প্রকল্পের আওয়তাধীন **"কর্ড এইচ নেদারল্যান্ড"** দাতা সংস্থার মাধ্যমে মানিকছড়ি উপজেলার ০৩টি বেইজ ক্যাম্পের মাধ্যমে দরিদ্র জনসাধানরণের মাঝে প্রজনন স্বাস্থ্য উন্নয়ন, গর্ভবর্তী মহিলা, সক্ষম দম্পতি ও কিশোরীদের জন্য জনসচেতনা মূলক কাজ করা হয়। বাল্য বিবাহ রোধ করা সহ জনগণের মাঝে স্বাস্থ্য সেবায় ব্যপক ভূমিকা পালন করে। হামারী আলোচ্য মাসে অগ্রগতি মোট চিকিৎসাকৃত রোগী- ২৮০জন, ম্যালেরিয়া-০০জন, ডায়রিয়া রোগী- ৩০জন, ARI- ১৫জন, অন্যান্য-২৩৫, সর্বমোট- ২৮০জন। ANC-1= ১৯জন ANC-2= ১৮জন ANC-3= ১১জন ANC-4=১২জন, সর্বমোট- ৬০টি। PNC-1 =১৩জন PNC-2=১৬জন PNC-3=১৮জন, সর্বমোট ৪৭জন। বেইজ ক্লিনিকে স্বাভাবিক ডেলিভারী- ০৫টি, হাসপাতালে রেফারকৃত প্রসুতির সংখ্যা- ০২, কমিউনিটি স্বাস্থ্য শিক্ষা সেশন- ৯২, কিশোরীদের নিয়ে উঠান বৈঠক সংখ্যা- ৩৯, স্বাস্থ্যকর্মী কর্তৃক পরিবার পরিদর্শন সংখ্যা- ৫৮৭, রেপিড টেষ্ট (রোগ নির্ণয় পরীক্ষা)-২৮, প্যারা স্বাস্থ্যকর্মীদের সাথে সাপ্তাহিক সভা-১২। তাছাড়া হামারী প্রতিটি বেইজ ক্লিনিকে মাদক ও যৌতুক বিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করে। হামারী কাজের আরো অগ্রগতির জন্য উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	১। প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয় এবং তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সচেতনা বৃদ্ধি করবেন। ২। বাল্য বিবাহ, বহুবিবাহ, মাদক ও যৌতুক বিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে।	হামারী	
০২	**প্রশিকাঃ** মোঃ আবুল হোসেন, এলাকা সমন্বয়কারী মাসিক কার্যপত্র দাখিল করে সভায় জানান যে, মানিকছড়ি উপজেলায় প্রশিকা বিবিধ উৎপাদন খাতে ঋণ বিতরণ করে থাকে। প্রশিকা বিবিধ উৎপাদন খাতে ৫.২ লক্ষ টাকা, সুবিধাভোগীর সংখ্যা-২৭ জন, ক্ষুদ্র ব্যবসা খাতে- ৬.৪ লক্ষ টাকা মোট সুবিধাভোগী-২৫ এবং কৃষি খাতে ঋণ বিতরণ- ১.০ লক্ষ টাকা, সুবিধাভোগী-১০জন। ঋণ আদায় ১৪,৭৭,৪৪০/- এবং সর্বমোট সুবিধাভোগীর সংখ্যা- ১০৫০। আত্মকর্মসংস্থান কর্মসূচীতে বিবিধ উৎপাদনে সুবিধাভোগীর সংখ্যা- ২৭জন, ক্ষুদ্র ব্যবসায় সুবিধাভোগীর সংখ্যা- ২৫জন, কৃষি খাতে সুবিধাভোগীর সংখ্যা- ১০জন । মানিকছড়ি উপজেলায় প্রশিকার কার্যক্রম বেশ ভালো।	প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়। ঋণ প্রদান ছাড়াও সামাজিক বিভিন্ন কার্যক্রম শিক্ষা, স্বাস্থ্য, জনস্বাস্থ্য ও জনসেবামূলক কাজে সম্পৃক্ত থাকার সিদ্ধান্ত হয়।	প্রশিকা	
০৩	**নাবিলা ফাউন্ডেশনঃ** উপস্থিত জনাব আজিক, ব্যবস্থাপক, সভায় জানান যে, নাবিলা ফাউন্ডেশন দারিদ্র বিমোচন ও স্বাস্থ্য পরামর্শ, শিক্ষা, সামাজিক সচেতনতা বৃদ্ধিসহ সামাজিক ও আর্থিক উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে থাকে। তাছাড়া কৃষি, ক্ষুদ্র ব্যবসায় ও বিবিধ উৎপাদনমূলক কাজে ঋণের সহায়তা প্রদান করে থাকে। কার্যপত্র পাওয়া যায়নি	প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়।	নাবিলা ফাউন্ডেশন	

চলমান পাতা-০২

০৪	**(ক) কারিতাস (আই.সি.ডি.পি):** গীতা চাকমা, সমাজ উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মানিকছড়ি উপজেলায় আইসিডিপি ২০০২ সাল হতে কাজ করে আসছে। কারিতাস ০৩টি প্রকল্পের কাজ করে থাকে। ০১) সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প, ০২) কারিতাস খাদ্য নিরাপত্তা, ০৩) আলোঘর। আইসিডিপি প্রকল্পের মাধ্যমে শুধুমাত্র আদিবাসীদের নিয়ে কাজ করে থাকে। **০১) সমাজ উন্নয়ন প্রকল্প এর** বর্তমানে মানিকছড়ি উপজেলায় ০৪টি ইউনিয়নে তাদের কার্যক্রম চলমান আছে। আলোচ্য মাসে আইসিডিপি কাজের অগ্রগতি পাক্ষিক সভায় স্বাস্থ্য ও শিক্ষার উপর আলোচনা করা হয়, ক্রেডিট ইউনিয়ন সদস্য লক্ষ্যমাত্রা- ০০, অর্জন- ০৪, শিক্ষা কেন্দ্র সংখ্যা লক্ষ্যমাত্রা-৫, অর্জন- ৫, ছাত্রছাত্রী ৪৩৪জন, শিক্ষক সংখ্যা ১৬৮ জন, নার্স কর্তৃক স্বাস্থ্য সেবা (জন) লক্ষ্যমাত্রা- ০০, অর্জন- ৩৬, ধাত্রী কর্তৃক স্বাস্থ্য সেবা- লক্ষ্যমাত্রা- ০০ অর্জন- ০৫, পাক্ষিক সভা লক্ষ্যমাত্রা- ৩৬, অজর্ন-৩৬, উপবৃত্তি বিতরণ লক্ষ্যমাত্রা-২৫, অর্জন- ২৫, গবাদী প্রাণীদের বিনামূল্যে টিকাদান- ১, অর্জন- ১, **(খ) খাদ্য নিরাপত্তা প্রকল্পঃ** বাগানচাষীদের চারা বিতরণ লক্ষ্যমাত্রা-৩৬, অর্জন-৩৬, ৪০৫টি আম্রপালী, ৬৩০টি লিচু, ৬৭৫টি রাংগুয়ে মোট ১৭১০টি, অর্থকরীচাষীদের চারা বিতরণ লক্ষ্যমাত্রা-২৮, অর্জন-২৮, ৯৫টি আম্রপালী, ৫৬টি লিচু, ৮৪টি রাংগুয়ে মোট ২৩৫টি, ধান চাষীদের চারা বিতরণ লক্ষ্যমাত্রা- ১১০, অর্জন- ১১০, ০২টি গোদা বাঁধে চারা ও পোনা বিতরণ লক্ষ্যমাত্রা- ২৭৫/২৫, অর্জন- ২৭৫/২৫, ০২টি পুকুরে পোনা বিতরণ লক্ষ্যমাত্রা- ৫০/১৫.১০০, অর্জন-০ ৫০/১৫.১০০, ০২টি পুকুরে মাছের খাদ্য বিতরণ লক্ষ্যমাত্রা-১০০, অর্জন-১০০ , ০৩টি মাছ চাষ প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা- ৩৪, অর্জন-৩৪, খাদ্য ও পুষ্টি সেমিনার ০২টি, ০২টি মহিলা কর্ণারে কৃষি পণ্য সহায়তা (টাকা) লক্ষ্যমাত্রা- ১৫০০, অর্জন- ১৫০০, কৃষি পণ্য বাজার জাত করণ সহায়তা লক্ষ্যমাত্রা- ১৫, অর্জন- ১৫, বিশ্ব পরিবেশ দিবস পালন লক্ষ্যমাত্রা-০১, অর্জন-০১, **(গ) আলোঘরঃ** শিক্ষাকেন্দ্রের সংখ্যা লক্ষ্যমাত্রা- ০১, অর্জন-০১, ছাত্রছাত্রীর সংখ্যা- লক্ষ্যমাত্রা-০০, অর্জন-১২২, শিক্ষা উপকরণ বিতরণ- লক্ষ্যমাত্রা-৩১২, অর্জন-৩১২টি, শিক্ষক সংখ্যা লক্ষ্যমাত্রা- ০২, অর্জন-০২। তাছাড়া সমাজ উন্নয়ন প্রকল্প, খাদ্য নিরাপত্তা প্রকল্প এবং আলোঘর এর কার্যক্রমকে সহযোগিতা করতে উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করেন।	প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়। স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত রেখে কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	কারিতাস	
০৫	**দি লেপ্রসি মিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশঃ** সোকেলময় তঞ্চঙ্গা সভায় জানান যে, দি লেপ্রসি মিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ লেপ্রসি মিশন নিউজিল্যান্ড ডোনার এজেন্সীর মাধ্যমে ২০০২ সাল হতে মানিকছড়ি উপজেলায় কার্যক্রম পরিচালিত করছে। এটি একটি সেবা মূলক প্রতিষ্ঠান যার মাধ্যমে ১) কুষ্ঠ রোগী সনাক্তকরণ ও বিনামূল্যে চিকিৎসা প্রদান। ২) কুষ্ঠ রোগ বিষয়ে জনমন সচেতনতা বৃদ্ধি করা এবং কুষ্ঠ রোগ নির্মূল করা। পার্বত্য চট্টগ্রাম কুষ্ঠ নিয়ন্ত্রণ ও রিহ্যাবিলিটেশন প্রকল্পের মাধ্যমে ০৩ (তিন) জন কর্মীবাহিনী দ্বারা মানিকছড়ি উপজেলায় আলোচ্য মাসে চিকিৎসাধীন (এমডিটি) কুষ্ঠ রোগী- ০৫জন, কন্টার্ক সার্ভে- ০৪জন, হাইজনি, নিউট্রিশন, সেনিটেশান বিষয়ে উঠান বৈঠক- ০৯ সেশন, অধিকার বিষয়ক ওরিন্টেশন- ০১ সেশন, লেপ্রসী অ্যাডভোকেসি সভা- ০১সেশন। তাছাড়া মানিকছড়ি উপজেলায় তাদের কার্যক্রম বেশ ভাল।	প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়। প্রত্যন্ত অঞ্চলে সেবা প্রদানের উপর জোর দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	দি লেপ্রসি মিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ	

চলমান পাতা-০৩

০৬	**জাবারাং কল্যাণ সমিতিঃ** টুলু মারমা, উপজেলা প্রকল্প সমন্বয়কারী সভায় বলেন যে, জাবারাং কল্যাণ সমিতি যার রেজি নং- খাগড়া-১২২/৯৭, তারিখঃ২৯/০৭/১৯৯৭। জাবারাং কল্যাণ সমিতি ০২টি প্রকল্পে (১) Community Empowerment project (CEP) এর দাতা সংস্থা UNDP-CHTDF (২) Chittagong Hill Tracts Rural Development Project-2 । যার দাতা সংস্থা ADB এর মাধ্যমে ২০১৩ সাল হতে মানিকছড়ি উপজেলার সকল ইউনিয়নে কাজ পরিচালিত করে আসছে। (২) Chittagong Hill Tracts Rural Development Project-2: বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংকের সহায়তায় পানি সরবরাহ, প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা ও গ্রামীন অবকাঠামো উন্নয়নের লক্ষে পার্বত্য চট্রগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প-২ এর কাজ ফিল্ড পর্যায়ে জরিপ কার্যক্রম চলমান আছে।	প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়। সরকারের বিভিন্ন সামাজিক কর্মসূচী যেমন- শিক্ষা, স্বাস্থ্য, জন্ম নিয়ন্ত্রণ, জনস্বাস্থ্যসহ, বাল্যবিবাহ, বহুবিবাহ, যৌতুক ও মাদক বিরোধী প্রচার প্রচারনা চালানো সিদ্ধান্ত গৃহীত হয়।	জাবারাং কল্যাণ সমিতি	
০৭	**গ্রামীণ শক্তিঃ** সুলভ বড়ুয়া, শাখা ব্যবস্থাপক, সভায় জানান যে, গ্রামীণ শক্তি মানিকছড়ি উপজেলায় ০৪টি ইউনিয়নে ২০০১ সাল হতে কার্যক্রম পরিচালিত হচ্ছে। বিশ্ব ব্যাংক এবং গ্রামীন শক্তির নিজস্ব অর্থায়নে সোলার হোম সিস্টেম, বায়োগ্যাস এবং উন্নত চুলা বিপনন করে প্রত্যন্ত গ্রামাঞ্চলে পরিবেশ সহায়ক নবায়নযোগ্য শক্তির ব্যবহারকে জনপ্রিয় করে তুলছে। পাহাড়ী অধ্যূষিত এলাকায় বিদ্যুতের সমস্যা সমাধানের জন্য দুর্গম এলাকায়ও সৌর বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করে আসছে। কার্যক্রম সম্পর্কে পাওয়া যায়নি।	প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়। সরকারের বিভিন্ন সামাজিক কর্মসূচী যেমন- শিক্ষা, স্বাস্থ্য, জন্ম নিয়ন্ত্রণ, জনস্বাস্থ্যসহ, বাল্যবিবাহ, বহুবিবাহ, যৌতুক ও মাদক বিরোধী প্রচার প্রচারনা চালানো সিদ্ধান্ত গৃহীত হয়।	গ্রামীণ শক্তি	
০৮	**(ক) আই,ডি,এফ (ঋণ কর্মসূচী)** শাখা ব্যবস্থাপক সভায় অনুপস্থিত থাকায় তাঁর কার্যপত্র পাওয়া যায়নি এবং কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। **(খ) আই.ডি.এফ (সৌর বিদ্যুৎ কর্মসূচী)** শাখা ব্যবস্থাপক সভায় অনুপস্থিত থাকায় তাঁর কার্যপত্র পাওয়া যায়নি এবং কার্যক্রম সম্পর্কে জানা যায়নি।	শাখা ব্যবস্থাপক গণ নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়।	আই.ডি.এফ	
০৯	**পদক্ষেপঃ (ঋণ)** আশুতোষ চাকমা, ব্রাঞ্চ ম্যানেজার সভায় বলেন যে, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র ক্ষুদ্র ঋণ পরিচালনা এবং দারিদ্র বিমোচন কার্যক্রম মানিকছড়ি উপজেলায় ২০০৬ সাল হতে পরিচালনা করে আসছে। যার ডোনার এজেন্সীর নাম পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন। মানিকছড়ি উপজেলায় আলোচ্য মাস পর্যন্ত ১০৯৯জনকে ১,৯৮,২১,২২২/- টাকা ঋণ এবং সঞ্চয় স্থিতি ১,১৪,০৭,০১৪/-টাকা। চলতি মাসে ১০৯ জনকে ঋণ বিতরণ- ৩,৩৩,৭৩,০০০/-টাকা। পদক্ষেপ কার্যক্রম মানিকছড়ি উপজেলায় সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। **পদক্ষেপঃ** (সৌর বিদ্যুৎ কর্মসূচী) রিপেল চাকমা, সহঃ ব্রাঞ্চ কো-অর্ডিনেটর জানান যে, পদক্ষেপ (সৌর বিদ্যুৎ কর্মসূচী) মানিকছড়ি উপজেলার ০৪টি ইউনিয়নের কাজ করছে। আলোচ্য মাসে সুবিধাভোগীর সংখ্যা- ৫৫৮জন। তাছাড়া পদক্ষেপ (সৌর বিদ্যুৎ কর্মসূচী) এর কার্যক্রম মানিকছড়ি উপজেলায় সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।	প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়। ঋণদান কর্মসূচী ছাড়াও শিক্ষা, স্বাস্থ্য, জন্ম নিয়ন্ত্রণ, জনস্বাস্থ্যসহ, বাল্যবিবাহ, বহুবিবাহ, যৌতুক ও মাদক বিরোধী প্রচার প্রচারনা চালানো সিদ্ধান্ত গৃহীত হয়।	পদক্ষেপ	

চলমান পাতা-০৪

১০	**(ক) ব্র্যাক (ঋণ কর্মসূচী)** ব্যবস্থাপক ব্র্যাক (ঋণ কর্মসূচী) অনুপস্থিত তবে ব্র্যাক মাইক্রোফিন্যান্স এর মাসিক কার্যপত্রের আলোকে জানা যায়, উপজেলায় ব্র্যাক (ঋণ কর্মসূচী) দাবি ও প্রগতি দুইটি ভাগে ঋণ প্রদান করে থাকে। দাবি কার্যক্রমে ঋণ বিতরণ করা হয়- ২৫৩জনকে ৬৫,৬৮,০০০/- টাকা বিতরণ করা হয়। অন্য প্রোগ্রাম প্রগতি এ ঋণ বিতরণের বিবরণ পাওয়া যায়নি। **(খ) ব্র্যাক (শিক্ষা)** শাখা ব্যবস্থাপক সভায় অনুপস্থিত থাকায় তাঁর কার্যপত্র পাওয়া যায়নি এবং কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। **(গ) ব্র্যাক (স্বাস্থ্য) :** মোঃ সাঈদ হোসেন, উপজেলা ম্যানেজার, মানিকছড়ি উপজেলা পাহাড়ী এলাকা হওয়ায় এখানে অনেক উপজাতীর বসবাস যারা স্বাস্থ্য সম্পর্কে একটু অসচেতন। তাই তাদের সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে ব্র্যাক (স্বাস্থ্য) প্রোগ্রাম কাজ করে যাচ্ছে। মানিকছড়ি উপজেলায় ব্র্যাক (স্বাস্থ্য) প্রোগ্রাম আলোচ্য মাসে ম্যালেরিয়া রক্ত পরীক্ষা-১১৪২জন, পজেটিভ ১৭জন। যক্ষ্মা কফ পরীক্ষা-১৩৫জন, পজেটিভ- ০৬জন। প্রসব পূর্ববর্তী গর্ভবতী মায়ের সেবা- ৪৫১জনকে এবং প্রসব পরবর্তী মায়ের সেবা প্রদান- ৪৩জন।	শাখা ব্যবস্থাপক গণ নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার সিদ্ধান্ত হয়। নির্দিষ্ট নিয়ম কানুন মেনে সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ব্র্যাক (সকল)	

সভাপতি উপস্থিত সকল এনজিও প্রতিনিধিদের স্ব স্বা কার্যক্রম সুষ্টভাবে পরিচালনার অনুরোধ জানান। ঋণদান কর্মসূচি ছাড়াও সামাজিক কার্যক্রমের সাথে সম্পৃক্ত থাকার জন্য সকল এনজিওদের অনুরোধ জানান। ব্যবস্থাপক/প্রতিনিধি, আশা ও ব্রাইট এনার্জি ফাউন্ডেশন পরবর্তী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানান। তাছাড়া বাল্যবিবাহ, বহুবিবাহ, যৌতুক ও মাদক বিরোধী ব্যাপক প্রচার প্রচারনা করার জন্য সকল এনজিও প্রতিনিধিদের অনুরোধ করেন। সরকারের নতুন কোন কর্মসূচির বাস্তবায়নে স্থানীয় প্রশাসনকে অবহিত করার জন্য সংশিষ্ট সকল এনজিও প্রধানগণকে অনুরোধ করেন।

পরিশেষে আর অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/৭/১৫

যুথিকা সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
এনজিও বিষয়ক সমন্বয় সভা
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

স্মারক নং- ০৫.৪২.৪৬৬৭.০০০.০৩.০২৮.২০১৫- ৬২২,

তারিখঃ ২৮/০৭/২০১৫খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মানিকছড়ি উপজেলা।
৩। উপজেলা..কর্মকর্তা, মানিকছড়ি, খাগড়াছড়ি।
৪। ব্যবস্থাপক/প্রতিনিধি.. এনজিও, মানিকছড়ি ।
৫। জনাব, ..., মানিকছড়ি।

২৮/৭/১৫

উপজেলা নির্বাহী অফিসার
মানিকছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।